ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৪৪৬
কাঞ্চনপুর, ২৯ অক্টোবর, ২০২৫

**আগামী ২৯-৩০ নভেম্বর জম্পুই হিলে ইউনিটি প্রমোফেস্ট**

আগামী ২৯-৩০ নভেম্বর দু'দিনব্যাপী কাঞ্চনপুর মহকুমার জম্পুই হিলে ইউনিটি প্রমোফেষ্ট, ২০২৫ অনুষ্ঠিত হবে। এই উপলক্ষে গতকাল কাঞ্চনপুর ডাকবাংলোর সভাকক্ষে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। পর্যটন দপ্তরের সচিব উত্তম কুমার চাকমার সভাপতিত্বে অনুষ্ঠিত এই প্রস্তুতি সভায় উপস্থিত ছিলেন বিধায়ক ফিলিপ কুমার রিয়াং, এমডিসি শৈলেন্দ্র নাথ, এমডিসি স্বপ্নারানী দাস, পর্যটন দপ্তরের অধিকর্তা প্রশান্ত বাদল নেগি, উত্তর ত্রিপুরা জেলার জেলা শাসক ও সমাহর্তা চাঁদনী চন্দ্রন, কাঞ্চনপুর মহকুমার ভারপ্রাপ্ত মহকুমা শাসক সিদ্ধার্থ থিতে, বিভিন্ন ব্লকের বিএসি'র চেয়ারম্যানগণ, ব্লকের বিডিওগণ এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। সভায় পর্যটন দপ্তরের সচিব রাজ্যের বিভিন্ন জনগোষ্ঠির ঐতিহ্য ও সংস্কৃতিকে এই প্রমো ফেস্টটে তুলে ধরার জন্য সকলের সহযোগিতা কামনা করেন।

*****